



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ০২৪

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ঐর ৯৩তম জন্মবার্ষিকী উপলক্ষে কর্মসূচি

রাজশাহী, ২২ শ্রাবণ (০৬ আগস্ট):

আগামী মঙ্গলবার (০৮ আগস্ট) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ঐর ৯৩তম জন্মবার্ষিকী। দিনটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে রাজশাহী জেলা প্রশাসন নানা কর্মসূচি গ্রহণ করেছে।

ওই দিন সকাল দশটায় রাজশাহী জেলা শিল্পকলা একাডেমি চত্বরে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ঐর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সাড়ে দশটায় শিল্পকলা একাডেমি মিলনায়তনে “সংগ্রাম-স্বাধীনতা প্রেরণায় বঙ্গমাতা” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভা শেষে অসহায়/অসচ্ছল মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ ও আর্থিক অনুদান প্রদান করা হবে।

দিনটি উপলক্ষে বাদ যোহর মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধামত সময়ে মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হবে। ##

.....  
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২৩/১২.৩০ঘ.